দৈনিক সংবাদ

APR 22 1999
তারিখ
পৃঃ ৭ কলাম ৪

411

## ঢা. বি সিনেট নির্বাচন

# তিন প্যানেলে ১৪৬ জন প্রার্থী

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )

আগামী ৬ই জুন অনুষ্ঠেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন ছিল গতকাল বুধবার। নির্বাচনে ৩টি প্যানেল থেকে মোট ১৪৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। মনোনয়ন প্রত্যাহারের শেষ সময়সীমা আগামী ৬ই মে।

৩টি প্যানেল হচ্ছে বামধারার রেজিস্টার্ড গ্রাজুয়েটদের "প্রগতি পরিষদ", আওয়ামী লীগ সমর্থিতদের 'গণতান্ত্রিক ঐক্য পরিষদ' এবং বিএনপি ও জামাত সমর্থিতদের প্যানেল। 'প্রগতি পরিষদ' ২৫টি পদের জন্য মোট ৪১ জন, গণতান্ত্রিক ঐক্য পরিষদ ৭৮ জন এবং বিএনপি ও জামাত সমর্থিতরা ২৭ জনের প্যানেল জমা দিয়েছে। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন আগামী ৬ই মে অতিরিক্ত প্রার্থিতা বাছাই করে প্যানেল চূড়ান্ত করা হবে।

তবে 'গণতান্ত্রিক ঐক্য পরিষদ'-এবং 'প্রগতি পরিষদ'-এ দুটি প্যানেল ঐক্যবদ্ধ হয়ে দু প্যানেল থেকে ১টি প্যানেলের মাধ্যমে ২৫ জনের প্যানেল চূড়ান্ত করতে পারে। এ ব্যাপারে দু প্যানেলের নেতৃবৃন্দের মধ্যে আলোচনা চলছে। এদিকে বিএনপি ও জামাত সমর্থিত সাদা দলের নেতাকর্মীরা এ দুটি প্যানেলের বিভক্তির কারণে উচ্ছ্বাস প্রকাশ করছে।

আগামী ৬ই জুন থেকে এ নির্বাচন শুরু। চলবে আগামী ১০, ১৬ এবং ১৭ই জুন পর্যন্ত। মোট ৩৭টি কেন্দ্রে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোটার সংখ্যা ৩১ হাজার ৪শ ১৭ জন। ভোট কেন্দ্রগুলোর মধ্যে ঢাকায় দুটি এবং ঢাকার বাইরে ৩৫টি কেন্দ্র রয়েছে। আগামী ৬ই জুন ঢাকার বাইরের ২০টি কেন্দ্রে নির্বাচন হবে। ঢাকার কেন্দ্র দুটি হচ্ছে- টিএসসি এবং বিশ্ববিদ্যালয় জিমনেসিয়াম। ঢাকার বাইরের কেন্দ্রগুলো হচ্ছে, শেরপুর সরকারি কলেজ, গোপালগঞ্জ বঙ্গবন্ধু সরকারি কলেজ, বরিশাল শেরেবাংলা মেডিক্যাল কলেজ, পিরোজপুর সোহরাওয়ার্দী কলেজ, পটুয়াখালী সরকারি কলেজ, ভোলা সরকারি কলেজ, বরগুনা সরকারি কলেজ, চট্টগ্রাম সরকারি কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, চাঁদপুর সরকারি কলেজ, চৌমুহনী সালেহ আহমেদ সরকারি কলেজ, নোয়াখালী সরকারি এমসি কলেজ, যশোর এমএম কলেজ, খুলনা আজম খান কলেজ, সিলেট সরকারি এমসি কলেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বগুড়া সরকারি আজিজুল হক কলেজ, রংপুর সরকারি কারমাইকেল কলেজ, কুষ্টিয়া সরকারি কলেজ, গাজিপুর ভাওয়াল বদরে আলম কলেজ, নরসিংদী সরকারি কলেজ, নারায়ণগঞ্জ সরকারি তোলারাম কলেজ, মানিকগঞ্জ দেবেন্দ্র কলেজ, মুন্সিগঞ্জ হরগঙ্গা কলেজ, ময়মনসিংহ আনন্দ মোহন কলেজ, টাঙ্গাইল কুমুদিনী কলেজ, কিশোরগঞ্জ গুরুদয়াল কলেজ, জামালপুর আশেক মাহমুদ কলেজ, নেত্রকোনা সরকারি কলেজ, ফরিদপুর রাজেন্দ্র কলেজ, রাজবাড়ি সরকারি কলেজ, শরীয়তপুর সরকারি কলেজ, মাদারীপুর নাজিমউদ্দিন কলেজ।